



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২(১)/সবি/৩৮১৭

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-২৭৩১/২০১৭ এর পরিপ্রেক্ষিতে মাননীয় আদালত কর্তৃক ৩০ জুলাই ২০১৭ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণ করে ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫ এর আংশিক সংশোধনপূর্বক গৃহস্থালী গ্রাহকশ্রেণির মিটারভিত্তিক গ্রাহকের জন্য ৯.১০ টাকা/ঘনমিটার, সিঙ্গেল বার্নার গ্রাহকের জন্য প্রতি মাসে ৭৫০.০০ টাকা এবং ডাবল বার্নার গ্রাহকের জন্য প্রতি মাসে ৮০০.০০ টাকা ১ আগস্ট ২০১৭ তারিখ হতে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত তা অপরিবর্তিত থাকবে।

২। মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী ১ জুন ২০১৭ হতে কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহার কার্যকরের ফলে জুন-জুলাই ২০১৭ মাসে গৃহস্থালী গ্রাহকশ্রেণিতে আদায়কৃত অর্থ গ্রাহকদেরকে ফেরত প্রদান করতে হবে না।

৩। কমিশন কর্তৃক ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ভোক্তাপর্যায়ে গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণ করে জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫ এ বর্ণিত বিদ্যুৎ, ক্যাপটিভ পাওয়ার, সার, শিল্প, চা-বাগান, বাণিজ্যিক এবং সিএনজি গ্রাহকশ্রেণির ক্ষেত্রে ১ জুন ২০১৭ থেকে কার্যকর মূল্যহার এবং শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মুহঃ মাহবুবুর রহমান

সচিব

ফোনঃ ৯১৪ ০১২৫